



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

যথাযোগ্য মর্যাদায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সরস্বতী পূজা উদযাপিত



ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা আর নানা আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে ২২ জানুয়ারি-২০১৮, সোমবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে উদযাপিত হয় সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় উৎসব সরস্বতী পূজা। জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় পূজা কমিটির উদ্যোগে পূজার আয়োজন করা হয়। সনাতন ধর্মমতে, শ্বেতশুভ্র রাজহংসের পিঠে চড়ে জ্ঞানের আলো ছড়াতে পৃথিবীতে আসেন বিদ্যা দেবী সরস্বতী। দেবীর আগমন উপলক্ষে সনাতন ধর্মাবলম্বী শিক্ষার্থীরা পূজামণ্ডপে দেবীর প্রতিমা স্থাপন করে। এবার পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ (আই.ই.আর, জবি)-সহ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে মোট ৩৪টি পূজামন্ডপে পূজা অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান পূজা মণ্ডপসমূহ পরিদর্শন করেন।

এসময় বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোঃ তরিকুল ইসলাম, সাধারণ সম্পাদক শেখ জয়নুল আবেদিন রাসেল ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের উদ্যোগে আয়োজিত সরস্বতী পূজায় অন্যান্য বছরের মতো এবারও বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। পূজা উপলক্ষে সমাজকর্ম বিভাগের উদ্যোগে দরিদ্র শিশুদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এদিকে, পূজা মণ্ডপ পরিদর্শন শেষে উপাচার্য মহোদয়ের সভাকক্ষে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় পূজা উদযাপন কমিটির সভাপতি অধ্যাপক ড. প্রিয়ব্রত পাল, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী, বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ আবদুল বাকী, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, প্রক্টর অধ্যাপক ড. নূর মোহাম্মদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মকর্তা ও সাংবাদিক নেতৃবৃন্দ সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন।